

চাইল্ড ডেন্টাল বেনিফিট শিডিউল

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

চাইল্ড ডেন্টাল বেনিফিট শিডিউল কি?

চাইল্ড ডেন্টাল বেনিফিট শিডিউল (CDBS) হল এমন একটি প্রোগ্রাম যা প্রাথমিক পর্যায়ে দাঁতের যত্নের জন্য যোগ্যতা-সম্পন্ন শিশু এবং কিশোর-কিশোরীদের দুই বছরে \$১,০৯৫ পর্যন্ত মেডিকেলের সুবিধা প্রদান করে।

আমার সন্তান কি CDBS-এর যোগ্য?

শিশু এবং কিশোর-কিশোরীরা CDBS-এর জন্য যোগ্য হবে যদি তারা:

- ক্যালেন্ডার বছরের যে কোনও এক দিনের জন্য ০ থেকে ১৭ বছর বয়সী হয়
- মেডিকেলের জন্য যোগ্য হয়
- পরিবারের অংশ হয় যারা Family Tax Benefit Part A (ফ্যামিলি ট্যাক্স বেনিফিট পার্ট A) পেয়ে থাকে বা শিশুটি Department of Human Services (মানব পরিষেবা বিভাগ) এর মাধ্যমে উপলব্ধ তালিকা থেকে অস্ট্রেলিয়ান সরকারী অর্থ পায়।

কেন আমাকে সরকারী ডেন্টাল ক্লিনিকে CDBS ব্যবহার করার জন্য একটি আর্থিক সম্মতি ফর্মে স্বাক্ষর করতে বলা হবে?

- এটি সরকারী ডেন্টাল পরিষেবাগুলোকে CDBS যোগ্য শিশুদের জন্য মেডিকেলের থেকে সুবিধা দাবি করতে দেয়।
- এই সুবিধাগুলো পরিষেবা উন্নত করতে এবং দাঁতের যত্নের প্রয়োজন এমন আরও রোগীদের চিকিৎসার জন্য ব্যবহার করা হবে।

আমি যদি কোনও সরকারী ডেন্টাল ক্লিনিকে আমার সন্তানের সুবিধা ব্যবহার করি তবে কি আমার কাছ থেকে কোনও অর্থ নেয়া হবে?

না। NSW সরকারী ডেন্টাল ক্লিনিক আপনাকে বিনা খরচে আপনার সন্তানের যত্ন প্রদান করবে। এমনকি যদি আপনার \$১,০৯৫ মেডিকেলের CDBS বেনিফিট ক্যাপ শেষ হয়ে যায় অথবা যদি আপনার সন্তানের চিকিৎসার প্রয়োজন হয় যা CDBS দ্বারা পূরণ করা না যায় তবুও এই পরিষেবাগুলোর জন্য আপনাকে কোন অর্থ দিতে হবে না।

আমি কোথায় CDBS সম্পর্কে আরও তথ্য জানতে পারি?

NSW সরকারী ডেন্টাল পরিষেবাগুলোতে CDBS সম্পর্কে তথ্যের জন্য এই ওয়েবসাইটে দেখুন:
health.nsw.gov.au/cdbs



CDBS সম্পর্কে সাধারণ তথ্যের জন্য Department of Human Services এর ওয়েবসাইট দেখুন।

আরো জানতে চান?

আমাদের কর্মীদের জিজ্ঞাসা করুন বা health.nsw.gov.au/cdbs দেখুন

